76

দৈনিক ইত্তেফাক

তারিখ ... AUG 1 3 1999

পৃষ্ঠা ... ২ কলাম ... ৬

# সাদত বিশ্ববিদ্যালয় শান্ত ॥ সাবসিডিয়ারী পরীক্ষা অনুষ্ঠিত

টাঙ্গাইল সংবাদদাতা ॥ সাদত বিশ্ববিদ্যালয়ে গতকাল পার্ট-ওয়ান সাবসিডিয়ারী পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হইয়াছে। বিপুল সংখ্যক পুলিশ ক্যাম্পাসে মোতায়েন ছিল। বিকালে 'সর্বদলীয় ছাত্রঐক্য' টাঙ্গাইল শহীদ মিনারে বেল্লাল হত্যা ও ছাত্র নেতাদের মুক্তির দাবীতে প্রতিবাদ সভা করে।

গতকাল (বৃহস্পতিবার) সকালে দর্শন, হিসাব বিজ্ঞান ও সমাজ কল্যাণ বিভাগের সাড়ে ছয়শত পরীক্ষার্থীর মধ্যে স্বল্পসংখ্যক ছাড়া সকলেই পরীক্ষায় অংশগ্রহণ করে। কোন বহিরাগত বা অপরীক্ষার্থী এ সময় ক্যাম্পাসে প্রবেশ করিতে পারে নাই। কলেজ হোষ্টেলগুলি খোলা হয় নাই। ক্যাম্পাস ও আশপাশের এলাকাগুলিতে শান্তিপূর্ণ পরিবেশ বিরাজ করিতেছে।

এদিকে বিকালে স্থানীয় শহীদ মিনার প্রাঙ্গণে জেলা ছাত্রদলের সভাপতি হাসামুজ্জামিল শাহীনের সভাপতিত্বে 'সর্বদলীয় ছাত্রঐক্য' এক প্রতিবাদ সমাবেশের আয়োজন করে। প্রতিবাদ সভায় ৯ই আগষ্ট সাদত বিশ্ববিদ্যালয় কলেজে পুলিশের গুলীতে নিহত বেল্লাল হত্যার বিচার ও ওই দিন গ্রেফতারকৃত ছাত্র নেতাদের মুক্তি দাবী করিয়া বক্তব্য রাখেন কেন্দ্রীয় ছাত্রদলের সহ-সাধারণ সম্পাদক সেলিম রেজা, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক কাজী শফিকুল ইসলাম লিটন, ছাত্র সমাজের সালাউদ্দিন হায়দার, শিবির নেতা মোজাম্মেল হক, ছাত্রমৈত্রীর আমিনুল ইসলাম প্রমুখ।